

# 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬০২

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (کتاب البيوع) পরিচ্ছেদঃ ৩০. পশুর বিনিময়ে পশু ক্রয়-বিক্রয়ে নিষেধাজ্ঞা

باب فِي النَّهْيِ عَنْ بَيْعِ الْحَيَوَانِ بِالْحَيَوَانِ

#### আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ عَامِرٍ وَجَعْفَرُ بْنُ عَوْنٍ عَنْ سَعِيدٍ عَنْ قَتَادَةَ عَنْ الْحَسَنِ عَنْ سَمُرَةَ بْنِ جُنْدُبٍ قَالَ نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ بَيْعِ الْحَيَوَانِ بِالْحَيَوَانِ نَسِيئَةً ثُمَّ إِنَّ الْحَسَنَ نَسِيَ هَذَا الْحَدِيثَ وَلَمْ يَقُلْ جَعْفَرُ ثُمَّ إِنَّ الْحَسَنَ نَسِيَ هَذَا الْحَدِيثَ

#### বাংলা

২৬০২. সামুরা ইবনে জুনদুব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পশুর বিনিময়ে পশু ধারে ক্রয়-বিক্রয় করতে নিষেধ করেছেন।এরপর হাসান এ হাদীস ভুলে যান। কিন্তু জা'ফর (তার বর্ণনায়) একথা উল্লেখ করেননি যে, 'এরপর হাসান এ হাদীস ভুলে যান।'[1]

### ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ যয়ীফ। সাঈদ ও জা'ফর উল্লেখ করেননি যে, ইবনু আবী আরুবাহ পূর্বে শুনেছেন কি-না। তবে তাদের মুতাবিয়াত বর্ণনা রয়েছে যে তারা পূর্বেই শুনেছেন যেমন আমরা তাখরীজে উল্লেখ করেছি। তবে সামুরাহ হতে হাসানের শ্রবন প্রমাণিত নয়। ফলে সনদটি বিচ্ছিন্ন।

তাখরীজ: আহমাদ ৫/১২, ১৯; নাসাঈ, বুয়ূ ৭/২৯২; কুবরা ৭/২০৫ নং ৬৮৫১; ইবনু মাজাহ, তিজারাত ২২৭০; তাহাবী, শারহু মা'আনিল আছার৪/৬০; তাবারাণী, কাবীর নং ৬৮৪৯; বাইহাকী, বুয়ূ ৫/২৮৮; আবূ দাউদ, বুয়ূ ৩৩৫৬; তিরমিযী, বুয়ূ ১২৩৭; খতীব, তারীখ বাগদাদ ২/৩৫৪।

তবে এর অনেকগুলি সূত্র ও শাহিদ রয়েছে যা একে শক্তিশালী করে। দেখুন, আমাদের তাহকীকৃকত মাজমাউয যাওয়াইদ নং ৬৫৯৩, ৬৫৯৪, ৬৫৯৫, ৬৫৯৬।

এর শাহিদ রয়েছে ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু হতে, আমরা যার তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং



## ৫০২৮ ও মাজমাউয যাওয়াইদ নং ১১১৩ তে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন